

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
(প্রশাসন-১ শাখা)  
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র  
শেখ হাসিনার মূলমন্ত্র

নং- ৪৬. ০০. ০০০০. ০৩৯. ০১৮. ০১০. ২০১৮- ২২৪৭

তারিখঃ ১৮ শ্রাবণ ১৪২৬ বঙ্গাব্দ  
০২ আগস্ট ২০১৯ খ্রিস্টাব্দ

অফিস আদেশ

ঢাকা মহানগরীতে এডিস মশার বংশবিস্তারের কারণে ডেঙ্গু রোগের প্রাদুর্ভাব দেখা দিয়েছে। ডেঙ্গু রোগের সংক্রমণ হতে নাগরিকদের রক্ষাকল্পে স্থানীয় সরকার বিভাগ, সিটি কর্পোরেশন এবং বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ ও দপ্তর/সংস্থা ব্যাপক কর্মসূচি গ্রহণ করেছে। এর অংশ হিসেবে জনসচেতনতা সৃষ্টি, মশার প্রজননস্থল বিনষ্টকরণ, পরিচ্ছন্নতা অভিযান পরিচালনা এবং লার্ভা ও মশা নিধন ইত্যাদি কার্যক্রম বাস্তবায়ন করা হচ্ছে।

২। এমতাবস্থায়, মশক নিধন অভিযান যথাযথ বাস্তবায়ন, সময়সীমা ও নিবিড় তদারকির মাধ্যমে এ কার্যক্রমকে সফল করার জন্য পুণরাদেশ না দেয়া পর্যন্ত স্থানীয় সরকার বিভাগের ৩০/০৭/২০১৯ তারিখের ৪৬.০০.০০০০. ০৭০.১৮.০০২.১৮.৯২৪ নং অফিস আদেশ মোতাবেক ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন ও ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের বিভিন্ন ওয়ার্ডে দায়িত্ব পালনকারী কর্মকর্তাদের সাপ্তাহিক ও সরকারি ছুটি বাতিল করা হল।

৩। এ আদেশ জনস্বার্থে জারী করা হল এবং অবিলম্বে কার্যকর হবে।

(মোঃ এরশাদুল হক)  
উপসচিব

ফোন- ৯৫৭৫৫৭৩

e-mail: lgadmin1@lgd.gov.bd

বিতরণঃ

- ১। প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।
- ২। মহাপরিচালক, জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট, ঢাকা।
- ৩। প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।
- ৪। প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন/ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
- ৫। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ওয়াসা।
- ৬। জনাব .....

অনুলিপিঃ

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/ প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
২. সিনিয়র সচিব/সচিব ----- মন্ত্রণালয়/বিভাগ
৩. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।
৪. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
৫. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।